

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
বৃত্তি অধিশাখা
শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭
www.erd.gov.bd

পত্র নম্বর-০৯.৮২৩.০২৪.০০.০০.১০.২০১৭

তারিখঃ ১২ জুলাই ২০১৭ খ্রি.

বিজ্ঞপ্তি

বিষয়ঃ ২০১৬ সনে বিদেশে অধ্যয়নের জন্য ভর্তি হয়েছেন এমন বৃত্তিপ্রাপ্ত বাংলাদেশি শিক্ষার্থীদের অনুকূলে এক পথের ভ্রমণ ব্যয় মঞ্জুরি।

অর্থনৈতিক সম্পর্ক বিভাগের আওতাধীন বাংলাদেশ-সুইডেন ট্রাস্ট ফান্ড থেকে বিদেশে অধ্যয়নকারী বাংলাদেশি শিক্ষার্থীদের এক পথের ভ্রমণ ব্যয়ের মঞ্জুরি প্রদানের জন্য দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

আবেদনকারীর যোগ্যতাঃ

১. বাংলাদেশি শিক্ষার্থী ০১ জানুয়ারি ২০১৬ থেকে ৩১ ডিসেম্বর ২০১৬ সময়ে বিদেশে স্নাতকপূর্ব/স্নাতক/স্নাতকোত্তর/পিএইচডি পর্যায়ে অধ্যয়নের জন্য ভর্তি হয়ে পূর্ণ বা আংশিক বৃত্তিপ্রাপ্ত হলে;
২. আবেদনকারীর শিক্ষাগত যোগ্যতা সনাতন পদ্ধতিতে অনুষ্ঠিত এসএসসি বা সমমান ও এইচএসসি বা সমমানের পরীক্ষার ক্ষেত্রে ন্যূনতম দ্বিতীয় বিভাগ। ২০০১, ২০০২, ও ২০০৩ সালে অনুষ্ঠিত এসএসসি বা সমমান এবং ২০০৩ সালে অনুষ্ঠিত এইচএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে ন্যূনতম জিপিএ ২.৫০। ২০০৪ ও তৎপরবর্তী সময়ে অনুষ্ঠিত এসএসসি বা সমমান এবং এইচএসসি বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে ন্যূনতম জিপিএ ৩.০০। বিশ্ববিদ্যালয়ের ডিগ্রির ক্ষেত্রে ৪ স্কেলে কমপক্ষে ৩.২০ বা সমমান ও ৫ স্কেলে ৪.০০ সিজিপিএ বা সমমান থাকতে হবে;
৩. এ ট্রাস্ট ফান্ডের আওতায় ইতঃপূর্বে ভ্রমণ মঞ্জুরি না পেয়ে থাকলে;
৪. বিদেশে উচ্চ শিক্ষার জন্য আবেদনকারী দেশি বা বিদেশি অন্য কোনো উৎস থেকে ভ্রমণ মঞ্জুরি/এয়ার টিকেট না পেয়ে থাকলে;

আবেদনের পদ্ধতিঃ

১. অর্থনৈতিক সম্পর্ক বিভাগের <http://bstf.erd.gov.bd> এই URL ব্যবহার করে কেবলমাত্র নির্ধারিত ফরম পূরণপূর্বক অনলাইন আবেদন করা যাবে। অর্থনৈতিক সম্পর্ক বিভাগের ওয়েবসাইটেও এটির লিংক পাওয়া যাবে;
 ২. শিক্ষা সনদ ও নম্বরসীট, Acceptance Letter, Fellowship/Scholarship Award এবং বর্তমান শিক্ষা প্রতিষ্ঠান থেকে ভ্রমণ অর্থ প্রদান করা হয়নি বা হবে না মর্মে সনদপত্র, এয়ার টিকেট, পার্সপোর্ট আকারের ছবি ও নিজ স্বাক্ষরের Scan copy আবেদন পত্রের নির্ধারিত স্থানে upload করতে হবে;
 ৩. মূল এয়ার টিকেটে লেখা অস্পষ্ট থাকলে সে ক্ষেত্রে সংশ্লিষ্ট মূল সংস্থা/এয়ারলাইন্স থেকে ভ্রমণ ব্যয়ের রশিদ সংগ্রহ করে তা upload করতে হবে;
 ৪. আবেদনপত্রের প্রিন্ট নিয়ে সেটিতে সই করে bstf@erd.gov.bd ঠিকানায় পাঠাতে ও js-fandf@erd.gov.bd ঠিকানায় অনুলিপি দিতে হবে। কোন জিজ্ঞাসার জন্য info-bstf@erd.gov.bd ঠিকানায় যোগাযোগ করা যেতে পারে।
 ৫. আবেদনের হার্ড কপি প্রেরণ করতে হবে না;
 ৬. আগামী ০১ আগস্ট ২০১৭ তারিখ স্থানীয় সময় সকাল ৯.০০ ঘটিকা থেকে ১৫ সেপ্টেম্বর ২০১৭ তারিখ স্থানীয় সময় বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত আবেদন করা যাবে। নির্ধারিত তারিখ ও সময়ের পর এই কার্যক্রম বন্ধ হয়ে যাবে এবং কোনভাবেই আবেদন করা যাবে না;
- বাংলাদেশের অর্থনৈতিক ও আর্থ-সামাজিক উন্নয়নের সঙ্গে সম্পর্কযুক্ত পাঠ্য বিষয়সমূহকে মঞ্জুরি প্রদানের ক্ষেত্রে অগ্রাধিকার দেওয়া হবে;
- উপস্থাপিত তথ্যের অসম্পূর্ণতা, ত্রুটি কিংবা অসঙ্গতির জন্য কর্তৃপক্ষ যে কোনো আবেদনপত্র বাতিলের ক্ষমতা সংরক্ষণ করে;



(জহিরুল ইসলাম)

সহকারী প্রধান